তারিখ 25 MAY 2009
পৃষ্ঠা ২৬ কলাম ৬

যায়যায়দিন

# সিলেটের ২৫০টি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির দাবিতে সমাবেশ

সিলেট অফিস

সিলেট বিভাগের একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত ২৫০টি স্কুল ও মাদ্রাসা এমপিওভুক্তির দাবিতে সিলেটে সমাবেশ করেছেন শিক্ষকরা। রোববার বিকালে নগরীর আবদুল গফুর ইসলামী আদর্শ উচ্চ বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত এ সমাবেশে বিভাগের চার জেলার বিপুলসংখ্যক শিক্ষক-কর্মচারী অংশ নেন। সমাবেশে শিক্ষক নেতারা সিলেট বিভাগের ২৫০টি প্রতিষ্ঠানকে অবিলম্বে এমপিওভুক্ত করার দাবি জানান। শনিবার সিলেটে অনুষ্ঠিত প্রাক্-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী সিলেটের শিক্ষাক্ষেত্রে বিভিন্ন উন্নয়নের কথা বললেও নতুন কোনো শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্তির ব্যাপারে সুস্পষ্ট বক্তব্য না দেয়ায় শিক্ষক নেতারা হতাশা ব্যক্ত করেন। তারা বলেন, আসন্ন বাজেটে সিলেটের ২৫০টি স্কুল-মাদ্রাসার এমপিওভুক্তির বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা না থাকলে পরের দিন থেকে কালোব্যাজ ধারণ, ক্লাস বর্জন, অনশনসহ প্রয়োজনে আমরণ অনশন কর্মসূচি পালন করা হবে।

নন এমপিও টিচার্স ফোরাম সিলেট বিভাগের সভাপতি ও রাগীব-রাবেয়া উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এ কে এম ছিফত আলীর সভাপতিত্বে সমাবেশে সংগঠনের সাধারণ সম্পাদক ও লাউয়াই মাদ্রাসার সুপার মাওলানা রওনক আহমদ, হবিগঞ্জ জেলা সভাপতি ও রত্না উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবু তাহের, সিলেট জেলা সভাপতি ও আবদুল গফুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. গোলাম আজম প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তারা সমাবেশ : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## সমাবেশ : সিলেটে

(শেষ পৃষ্ঠার পর)

বলেন, শিক্ষাক্ষেত্রে সিলেট ক্রমেই পিছিয়ে পড়ছে। যথেষ্ট সম্ভাবনা থাকা সত্ত্বেও এমপিওভুক্তির আওতায় আসতে বৈষম্যের শীকার হচ্ছে সিলেটের নন এমপিওভুক্ত স্কুল, মাদ্রাসা ও কলেজ। এ প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত না হওয়ায় সিলেটের দুই সহস্রাধিক শিক্ষক-কর্মচারী পরিবার মানবেতর জীবনযাপন করছে।

প্রতিষ্ঠানগুলোর মধ্যে সিলেট জেলায় রয়েছে ৮৩টি, মৌলভীবাজারে ৭৭টি, হবিগঞ্জে ৩৩টি এবং সুনামগঞ্জে ৫৭টি।